দেশে মেজরিটি-মাইনরিটি ভেদাভেদ থাকবে না: জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

নওগাঁয় নির্বাচনী সভায় জামায়াতের আমির ডা. শফিকুর রহমান বলেন, বাংলাদেশ শুধু মুসলিমদের দেশ নয়। এখানে হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান এবং অন্যান্য সম্প্রদায়ের মানুষও সমানভাবে বাস করে। তিনি আশ্বাস দেন, দেশের কোনো নাগরিককে ধর্ম বা সম্প্রদায়ের কারণে অবহেলা বা বৈষম্যের মুখোমুখি হতে দেওয়া হবে না।

ডা. শফিকুর রহমান বলেন, নারী ও দুর্বলদের নিরাপত্তা নিশ্চিত করা হবে এবং কেউ তাদের প্রতি অবৈধ আচরণ করার সাহস পাবে না।

তিনি দেশের যুবসমাজের কথাও উল্লেখ করেন। জুলাই বিপ্লবে তরুণ-তরুণী, কৃষক ও শ্রমিকরা রাস্তায় নেমেছিলেন। তারা বেকার ভাতা চাইনি, তারা চেয়েছিল কাজের সুযোগ। ক্ষমতায় এলে যুবদের শিক্ষার মাধ্যমে দক্ষ করে গড়ে তোলার পরিকল্পনা রয়েছে।

জামায়াত আমির বলেন, দেশে যে জমিদারি-ভিত্তিক রাজনীতির প্রথা চলছে, তা ধীরে ধীরে বন্ধ করা হবে। দেশের উন্নয়নে যারা সত্যিই অবদান রাখবে, তাদের যোগ্যতা ও দেশপ্রেমই মূল্যায়ন করা হবে। তিনি এমন ভবিষ্যতের কথাও বলেন, যেখানে একজন সাধারণ রিকশাচালকের মেধাবী সন্তানও প্রধানমন্ত্রী হতে পারবে।

অর্থনৈতিক বিষয়ে তিনি প্রতিশ্রুতি দেন, বিদেশে পাচারকৃত অর্থ ফিরিয়ে রাষ্ট্রীয় কোষাগারে জমা করা হবে এবং কোনো চাঁদাবাজি বরদাস্ত করা হবে না।